আজকের কাগজ

তারিখ 14 APR 1996
পৃষ্ঠা ২ কলাম ৪

23

## শিক্ষা উপদেষ্টার সিটি কমার্স কলেজ পরিদর্শন

স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের রজতজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে ধানমণ্ডিস্থ সিটি কমার্স কলেজে একক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা, যুব, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ শামসুল হক। সিটি কমার্স কলেজের বর্তমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কলেজের প্রতিষ্ঠাতা ও সভাপতি অধ্যাপক শিশির কুমার দেব-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমদ, ড. আনোয়ার হোসেন, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, সাবেক মন্ত্রী বেগম নূরজাহান মুরশিদ, এফআইএম মোহসিন বুলবুল, অধ্যক্ষ ম. আতাউর রহমান, স্থানীয় ওয়ার্ড কমিশনার এমএ সাত্তার ভূঁইয়া, কাজী লতিফা হক, আবু আহমেদ, রফিক ইসলাম প্রমুখ। খবর বিজ্ঞপ্তি